





আবহাওয়া ভিত্তিক কৃষি বিষয়ক বুলেটিন
জেলা: বান্দরবান

		
	 <p>কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প কম্পোনেন্ট সি-বিডব্লিউসিএসআরপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর</p>	
তারিখ : (১৯ জুন ,২০১৯) বুলেটিন নং ৫২	১৯ জুন হতে ২৫ জুন ,২০১৯ পর্যন্ত কৃষি আবহাওয়া বিষয়ক বুলেটিন	

গত ৪ দিনের আবহাওয়া পরিস্থিতি ১৫ জুন হতে ১৮ জুন, ২০১৯ তারিখ পর্যন্ত

আবহাওয়ার স্থিতিমাপ(প্যারামিটার)	১৫ জুন	১৬ জুন	১৭ জুন	১৮ জুন
বৃষ্টিপাত (মি.মি)	৮.৭০	২২	২২	০
সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	৩৩.৫	৩২.৬	৩৪.০	৩৪.৫
সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	২৭.৫	২৬.৩	২৮.০	২৯.৩
আপেক্ষিক আর্দ্রতা (শতকরা)	৭০-৯২	৭৮-৯৬	৭২-৯৫	৬৫-৯০
বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা)	১৩.১৯	১৩.২৬	১৮.৭৪	১৫.২৬
মেঘের পরিমাণ (অঙ্কা)	মেঘাচ্ছন্ন আকাশ	মেঘাচ্ছন্ন আকাশ	মেঘাচ্ছন্ন আকাশ	মেঘাচ্ছন্ন আকাশ
বাতাসের দিক	দক্ষিণ/দক্ষিণ-পশ্চিম	দক্ষিণ/দক্ষিণ-পশ্চিম	দক্ষিণ/দক্ষিণ-পশ্চিম	দক্ষিণ/দক্ষিণ-পশ্চিম

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর হতে প্রাপ্ত আগামী ৭ দিনের আবহাওয়া পূর্বাভাস
(১৯ জুন হতে ২৫ জুন, ২০১৯) তারিখ পর্যন্ত

আবহাওয়ার স্থিতিমাপ(প্যারামিটার)	সীমা
বৃষ্টিপাত (মি.মি)	১০৪.৮৪
সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	৩১.৭৬
সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	২৫.৩৪
আপেক্ষিক আর্দ্রতা (শতকরা)	৮৫.২-৯৪.০
বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা)	৫.৪৮
মেঘের পরিমাণ (অঙ্কা)	মেঘাচ্ছন্ন আকাশ
বাতাসের দিক	দক্ষিণ/দক্ষিণ-পশ্চিম

আবহাওয়া ভিত্তিক কৃষি পরামর্শ

ফসল	পরামর্শ
ধান	<p>খরিফ মৌসুমের জন্য আমন ধানের বীজতলা তৈরি করুন।</p> <p>খোলা জায়গা ও উঁচু জমিতে বীজতলা করতে হবে যাতে জলাবদ্ধতার ঝুঁকি কম থাকে। উঁচু জমি না থাকলে ভাসমান বীজতলা তৈরি করুন।</p> <p>ব্রি ধান ৩৩, ৪৯, ৫১, ৫২, ৩৯ এবং ৮৭ ব্যবহার করা যেতে পারে।</p> <p>ভাল চারা পাওয়ার জন্য প্রতি বর্গ মিটার বীজতলায় ২ কেজি গোবর, ১০ গ্রাম ইউরিয়া ও ১০ গ্রাম জিপসাম প্রয়োগ করুন।</p> <p>মূল জমির কাছে ছোট পুকুর তৈরি করুন যাতে বৃষ্টির পানি ধরে রাখা যায় এবং সেই পানি শুকনো সময়ে ব্যবহার করা যায়।</p> <p>আউশ ধান: বীজতলা</p> <p>বৃষ্টিপাতের পর হাত দিয়ে আগাছা তুলে ফেলতে হবে।</p> <p>সেচ প্রদান থেকে বিরত থাকুন এবং জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশন করুন।</p> <p>যদি ত্রিপস ও সবুজ পাতা ফড়িং এর সংখ্যা ২৫% এর বেশী হয় তাহলে বৃষ্টিপাতের পর ১ লিটার পানিতে ১ মিলি হারে ম্যালাথিয়ন গুপের বালাইনাক প্রয়োগ করতে হবে।</p> <p>চারা রোপণের উপযোগী হলে রোপণ করার এটাই উপযুক্ত সময় কারণ আগামী কয়েকদিনে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে এবং মৌসুমী বায়ু এসেছে।</p>
পাট	<p>বাড়ন্ত পর্যায়</p> <p>বৃষ্টিপাতের পর আগাছা নিধন করুন।</p> <p>আগাম বপনকৃত পাটের জমিতে বৃষ্টিপাতের পর পাতলাকরণ কার্যক্রম চালিয়ে যেতে হবে।</p> <p>বিছা পোকাকার আক্রমণ দেখা দিলে -</p> <ul style="list-style-type: none"> • ডিম সংগ্রহ করে ধ্বংস করে ফেলতে হবে • আলোর ফাঁদ ব্যবহার করতে হবে • প্রতি লিটার পানিতে ১ মিলি হারে ইমিডাক্লোরোপিড/ক্লোরোসাইরিন/নাইট্রো মিশিয়ে স্প্রে করতে হবে <p>সেমিলুপার আক্রমণ করলে প্রতি লিটার পানিতে ১ মিলি হারে ইমিডাক্লোরোপিড/ক্লোরোসাইরিন/নাইট্রো মিশিয়ে স্প্রে করতে হবে</p> <p>বৃষ্টিপাতের পর কীটনাশক স্প্রে করতে হবে।</p>
সবজি (বেগুন, চিচিংগা, শশা, করল্লা, ঝিঙা, বরবটি, ও টেঁড়শ)	<p>বাড়ন্ত/ফল আসা পর্যায়</p> <ul style="list-style-type: none"> • সেচ প্রদান থেকে বিরত থাকুন। জমি থেকে অতিরিক্ত পানি সরিয়ে ফেলতে হবে। • টেঁড়শ এর মাইট দমনের জন্য প্রতি লিটার পানিতে ১.৫-২ মিলি ইথিয়ন মিশিয়ে স্প্রে করতে হবে। • চিচিংগা, শশা, ঝিঙা ও করল্লার জমিতে নির্দিষ্ট সময় পর পর হাত দিয়ে আগাছা নিধন করতে হবে। খুব সকালে ও বিকেলে চিচিংগা, শশা ও করল্লায় হাত দিয়ে পরাগায়ন করলে শতভাগ ফল আসা নিশ্চিত করা যায়।